



মোহাম্মদপুরে যৌথ অভিযানে হেরোইন-বিস্ফোরকসহ তিনজন গ্রেপ্তার



সংগৃহীত ছবি

রাজধানীর মোহাম্মদপুরে সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে বিপুল পরিমাণ হেরোইন, বিস্ফোরক ও অস্ত্র উদ্ধার হয়েছে। অভিযানে তিনজন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে।

শনিবার (২০ সেপ্টেম্বর) রাতে গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনীর শেরে বাংলা আর্মি ক্যাম্পের সদস্যরা মোহাম্মদপুর থানা পুলিশের সহযোগিতায় জেনেভা ক্যাম্প সংলগ্ন বাবর রোড ও গজনবি রোড এলাকায় অভিযান চালান।

অভিযানে হোসেন (১৮), শফিক (২০) এবং শাহীন (৩৫) নামে তিনজনকে গ্রেপ্তার করা হয়। তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১২ হাজার পুড়িয়া হেরোইন (আনুমানিক বাজারমূল্য ২৪ লাখ টাকা), ৮শ গ্রাম বিস্ফোরক গানপাউডার, ৬টি ককটেল বোমা ও একটি ধারালো তলোয়ার। পরে পুলিশের বোম্ব ডিসপোজাল ইউনিট ককটেলগুলো নিরাপদে অপসারণ করে। আটক ব্যক্তিদের উদ্ধারকৃত মালামালসহ মোহাম্মদপুর থানায় হস্তান্তর করা হয়েছে।

বাংলাদেশ সেনাবাহিনীর ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেডের একজন কর্মকর্তা বলেন, গোপন সংবাদের ভিত্তিতেই এ অভিযান পরিচালনা করা হয়েছে। এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষায় এবং মাদক ও অপরাধমূলক কার্যক্রম দমনে এ ধরনের যৌথ অভিযান অব্যাহত থাকবে।